H-S-C

দৈনিক সংবাদ

তারিখ 18 JUL 1987 ... ...
পৃষ্ঠা ... ... ... জানানী ... ...

035

উচ্চ মাধ্যমিক পরীক্ষা ॥ ৫৭২ জন বহিষ্কৃত

# বিভিন্ন কেন্দ্রে সংঘর্ষ ॥ কুষ্টিয়া ও মাগুরায় গুলী ॥ বহু আহত ও গ্রেফতার

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বুধবার উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ঢাকা, যশোর ও কুমিল্লা বোর্ডের অধীন বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের অভিযোগে ৫শ' ৭২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কুষ্টিয়াতে পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষ হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ দু' রাউণ্ড ফাঁকা গুলী চালায়। সংঘর্ষে ৬জন পুলিশসহ ১৮ জন আহত হয়। সেখানে ৯জনকে গ্রেফতার করা হয়। মুন্সীগঞ্জে ১৪৪ ধারা ভংগের অভিযোগে ৭জনকে এবং গত মংগলবার বোর্ড কর্তৃপক্ষের গাড়ী ভাঙচুর করার অভিযোগে ৩ জনকে গ্রেফতার করা হয়। মাগুরাতে পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষ হয়। সেখানেও পুলিশ ৭ রাউণ্ড ফাঁকা গুলী ছোড়ে এবং দু'জন পরীক্ষার্থীসহ ৫জনকে গ্রেফতার করে। হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জে উচ্ছৃংখল যুবকরা পরীক্ষা কেন্দ্রের ভেতর স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারের গাড়ী ভাংচুর করে।

যশোর বোর্ডে ২৫৬ জন বহিষ্কৃত

যশোর থেকে জেলা বার্তা

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

উচ্চ মাধ্যমিক পরীক্ষা

(১ম পাতার পর)

পরিবেশক ফোনে জানান, গতকাল বুধবার যশোর বোর্ডে ইংরেজী ২য় পত্র পরীক্ষায় নকল করার অভিযোগে ২৫টি কেন্দ্র থেকে ২শ' ৫৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

মাগুরা

মাগুরা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, মাগুরা জেলার শালিখা উপজেলাধীন বুনাগাতি পরীক্ষা কেন্দ্রে গতকাল এক অবাঞ্ছিত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ ৭ রাউণ্ড ফাঁকা গুলী ছোড়ে এবং দু'জন পরীক্ষার্থীসহ ৫জনকে গ্রেফতার করে। গতকাল এ কেন্দ্রের ৫৫জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

ইংরেজী ২য় পত্র পরীক্ষায় নকলের সুযোগ না দেয়ার কারণে একটি কক্ষের পরীক্ষার্থীরা পরীক্ষা চলাকালে পরিদর্শকদের প্রতি মারমুখী হয়ে ওঠে এবং পরীক্ষাশেষে কেন্দ্রের এলাকার মধ্যে জেলা প্রশাসকসহ কয়েকজন প্রশাসনিক ও পুলিশ কর্মকর্তার জীপ আক্রমণ করে। এ সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশকে ৭ রাউণ্ড ফাঁকা গুলী করতে হয়। ছাত্রদের আক্রমণে শালিখা থানার ওসিসহ ৩ জন পুলিশ আহত হয়। ১টি জীপের ব্যাপক ক্ষতি হয়েছে।

কুষ্টিয়া থেকে জেলা বার্তা পরিবেশক জানান, গতকাল দুপুরে কুষ্টিয়া জেলার মীরপুর উপজেলার আমলা কলেজ পরীক্ষা কেন্দ্রে উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের নকল সরবরাহকারী এবং পুলিশের মধ্যে সংঘর্ষের এক পর্যায়ে পুলিশ দু' রাউণ্ড ফাঁকা গুলী ছোড়ে ও এক রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। সংঘর্ষে নকল সরবরাহকারীদের ইটপাটকেলের আঘাতে ৬ জন পুলিশ আহত এবং পুলিশের লাঠিচার্জে ১২ জন আহত হয়। পুলিশ ঘটনাস্থল থেকে ৯ জনকে গ্রেফতার করেছে। সাময়িকভাবে পরীক্ষা বিঘ্নিত হলেও পরে পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ করা হয়।

কুষ্টিয়ার পুলিশ প্রশাসন গুলীবর্ষণ, কাঁদনে গ্যাস নিক্ষেপ ও গ্রেফতারের খবরের সত্যতা স্বীকার করেছে।

মুন্সীগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল মুন্সীগঞ্জ জেলার ৪টি কেন্দ্রে ৭১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে হরগঙ্গা সরকারী কলেজ থেকে ৩২, রামপাল কলেজ থেকে ৫, গজারিয়া কলেজ থেকে ২৯ ও টঙ্গীবাড়ী কলেজ থেকে ৫ জনকে বহিষ্কার করা হয়।

মুন্সীগঞ্জের হরগঙ্গা কলেজ কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গের দায়ে ৭ জনকে গ্রেফতার করা হয়।

ভ্রাম্যমাণ আদালতে তাদের ৪শ' টাকা জরিমানা করা হয়েছে। এদিকে গতকাল ইংরেজী প্রথমপত্রের পরীক্ষাকে কেন্দ্র করে গাড়ীর ক্ষতি সাধন করায় পুলিশ অভিযুক্ত ৩ জন পরীক্ষার্থীকে আজকের পরীক্ষার পর গ্রেফতার করেছে। এরা হল তারেক কাশেম মুকুল, রিপন ও মিজান।